রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, অক্টোবর ২০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভূমি মন্ত্রণালয়**

**আইন শাখা-০১**

নং ৩১.০০.০০০০.০৪২.৬৭.০৩১.১১.৮৪১, তারিখ: ৮ আশ্বিন ১৪২২/২৩ সেপ্টেম্বর ২০১৫

## পরিপত্র

**বিষয়: বিদ্যমান আইনানুযায়ী চূড়ান্তভাবে প্রকাশিত জরিপের রেকর্ড বা খতিয়ানের (ROR) করণিক ভুল (Clerical Mistake), প্রতারণামূলক লিখন (Fraudulent Entry) এবং যথার্থ ভুল (Bona fide Mistake) সংশোধন।**

লক্ষ্য করা যাচ্ছে যে দেশের বিভিন্ন জেলায় সর্বশেষ জরিপের রেকর্ড বা খতিয়ান (ROR) চূড়ান্ত মুদ্রিত (Final Publication) হওয়ার পর প্রকাশিত খতিয়ানের করণিক ভুল (Clerical Mistake) এবং প্রতারণামূলক লিখন (Fraudulent Entry) সংশোধনে আইনগতভাবে ক্ষমতাবান হওয়া সত্ত্বেও কোন কোন সহকারী কমিশনার (ভূমি) জনগণকে সহজ প্রতিকার না দেয়ায় ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে ক্রমবর্ধমানহারে ব্যাপক সংখ্যক মামলা দায়ের হচ্ছে। সেবাপ্রার্থীগণ সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)-গণের নিকট হতে প্রত্যাশিত সেবা না পেয়ে আদালতের দ্বারস্থ হচ্ছেন মর্মে জানা যায়। জরিপ পরবর্তীকালে সেবাগ্রহীতাদের খতিয়ানের করণিক ভুল ও প্রতারণামূলক লিখন যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সংশোধনের মতো সেবা দিতে সরকার বদ্ধপরিকর। The State Acquisition & Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951) এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর আলোকে সার্কেল/উপজেলা পর্যায়ে সহকারী কমিশনার (ভূমি) এ ধরনের সেবা অতি সহজেই প্রদান করতে পারে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

ভূমি জরিপের চূড়ান্তভাবে মুদ্রিত রেকর্ড বা খতিয়ানে পরিদৃষ্ট করণিক ভুল, প্রতারণামূলক লিখন এবং যথার্থ ভুল সংশোধনের বিষয়ে নিম্নোক্ত তিন প্রকারের কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ক্ষেত্রে আইনত ক্ষমতাবান।

**প্রথমত** The State Acquisition & Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951) এর ১৪৩ ধারামতে এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর বিধি ২৩ এর উপবিধি (৩) অনুযায়ী চূড়ান্তভাবে প্রকাশিত রেকর্ডের করণিক ভুল (Clerical Mistake) সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা (Revenue Officer) নিজেই সংশোধন করতে পারেন। বর্তমানে সার্কেল/ উপজেলা পর্যায়ে সহকারী কমিশনার (ভূমি) রাজস্ব কর্মকর্তার দায়িত্ব পালন করছেন। সহকারী কমিশনার (ভূমি) আবেদনের প্রেক্ষিতে বা প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ২২ বিধির উপবিধি (১) অনুযায়ী খতিয়ানে দৃষ্ট করণিক ভুল সংশোধনের জন্য প্রতিবেদন প্রাপ্তির পর পূর্ববর্তী জরিপের কাগজপত্র, প্রাথমিক খাজনা বিবরণী, কালেক্টরের দপ্তরে সংরক্ষিত খতিয়ানের কপি এবং ২ নম্বর রেজিস্টার পর্যালোচনাক্রমে এবং তিনি যে ধরনের অনুসন্ধান প্রয়োজন মনে করেন তা করে এরূপ করণিক ভুল সংশোধনের নির্দেশ দেবেন। কালেক্টর কর্তৃক বা ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক সংরক্ষিত খতিয়ান এবং ২ নম্বর রেজিস্টার সে অনুযায়ী সংশোধন করার নির্দেশ প্রদান করত সংশোধনলিপির কপি সংশ্লিষ্ট পক্ষকে প্রদান করবেন। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক বিবেচনাযোগ্য করণিক ভুলের মধ্যে নামের ভুল, অংশ বসানোর হিসেবে ভুল, দাগসূচিতে ভুল, ম্যাপের সঙ্গে রেকর্ডের ভুল, জরিপকালে পিতার মৃত্যুর কারণে সন্তানদের নামে সম্পত্তি রেকর্ড হবার কথা থাকলেও জরিপকারকদের ভুল বা অজ্ঞাত কারণে তা মূল প্রজা বা পিতার নামে রেকর্ড হওয়া ইত্যাদি উল্লেখযোগ্য। একইভাবে প্রতারণামূলক লিখনের (Fraudulent Entry) মাধ্যমে সৃষ্ট চূড়ান্তভাবে প্রকাশিত রেকর্ড সংশোধনের জন্য প্রাপ্ত আবেদন অথবা প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে রাজস্ব কর্মকর্তা প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর বিধি ২৩ এর উপবিধি (৪) অনুযায়ী রেকর্ড সংশোধনের জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।

**দ্বিতীয়ত** The State Acquisition & Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951) এর ১৪৯ ধারার (৪) উপধারামতে Board of Land Administration যে কোন সময় যে কোন খতিয়ানে বা চূড়ান্তভাবে প্রকাশিত সেটেলমেন্ট রেন্ট-রোলে অন্তর্ভুক্ত যথার্থ ভুল (Bona fide Mistake) সংশোধনের আদেশ দিতে পারেন। উক্ত আইনের ১৪৯ ধারার (৪) উপধারাটিতে Board of Land Administration এর স্থলে Government শব্দটি ছিল যা Bangladesh Laws (Amending) Ordinance, 1976 এর ২ ধারার তফসিল অনুসারে প্রতিস্থাপিত হয়েছে। ভূমি আপীল বোর্ড আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ২৪নং আইন) এর (৮) ধারার (১) উপধারামূলে Board of Land Administration Act, 1980 (Act No.XIII of 1981) আইনটি রহিত করা হয়। ভূমি আপীল বোর্ড বিধিমালা, ১৯৯০ এর বিধি (৩) অনুসারে বিভাগীয় কমিশনারের আদেশের বিরুদ্ধে সকল প্রকার আপিল ও রিভিশনের এখতিয়ারসহ সরকার কর্তৃক প্রেরিত যে কোন বিষয়ে পরামর্শ প্রদান করার জন্য ভূমি আপীল বোর্ডকে ক্ষমতা দেয়া হয়েছে। ভূমি আপীল বোর্ড বিধিমালা, ১৯৯০ এর বিধি (৬) এর (২) উপবিধিতে বলা হয়েছে যে বিধি, ক্ষমতা ও সরকারি আদেশ নির্দেশের আওতাভুক্ত নয় এমন বিষয়ে বোর্ড সরকারের নিকট নির্দেশের জন্য উপস্থাপন করবে। ভূমি আপীল বোর্ড বিধিমালায় সরকারের বিভিন্ন সময়ে জারিকৃত সার্কুলার বা আদেশের ভিত্তিতে বিভাগীয় কমিশনারের দেওয়া আদেশের বিরুদ্ধে ভূমি আপীল বোর্ডকে আপিল ও রিভিশন শুনানির ক্ষমতা দেওয়া হয়েছে। এক্ষেত্রে The State Acquisition & Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951) এর ১৪৯ ধারার (৪) উপধারার ক্ষমতা প্রয়োগে Board of Land

Administration এর স্থলে সরকার অর্থাৎ ভূমি মন্ত্রণালয় না ভূমি আপীল বোর্ড হবে আইনে সেই সংক্রান্ত কোন পরিবর্তন আনা হয়নি। এ কারণে Board of Land Administration বর্তমানে বিলুপ্ত বিধায় The State Acquisition & Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951) এর ১৪৯ ধারার (৪) উপধারার ক্ষমতা অর্থাৎ যে কোন খতিয়ানে বা চূড়ান্তভাবে প্রকাশিত সেটেলমেন্ট রেন্ট-রোলে অন্তর্ভুক্ত যথার্থ ভুল (Bona fide Mistake) সংশোধনের আদেশ প্রদানে সরকারের পাশাপাশি ভূমি আপীল বোর্ডও যুগপৎভাবে ক্ষমতাবান।

**তৃতীয়ত** ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল সর্বশেষ জরিপে প্রকাশিত খতিয়ানের বিষয়ে যে কোন আদেশ প্রদানে এখতিয়ারবান। জরিপ পরবর্তী স্বত্বলিপি গেজেটে চূড়ান্ত প্রকাশনার পর কোন সংশোধনীর দাবি থাকলে তা ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল এবং সর্বশেষে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বিচার্য।

বর্ণিতাবস্থায়, সার্কেল/ উপজেলা পর্যায়ে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক করণিক ভুল (Clerical Mistake) ও প্রতারণামূলক লিখন (Fraudulent Entry) সংশোধন এবং সরকার ও ভূমি আপীল বোর্ড কর্তৃক যথার্থ ভুল (Bona fide Mistake) সংশোধন বিষয়ে জনগণকে উপযুক্ত সেবা প্রদান নিশ্চিত করা গেলে ব্যাপকহারে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে মামলা করার প্রয়োজন হবে না।

এ পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং: ৩১.০০.০০০০.০৪২.৬৭.০৩১.১১.৫৮৫, তারিখ: ০২-০৯-১৪ খ্রিঃ মূলে জারিকৃত পরিপত্র এতদ্বারা বাতিল করত উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**মোহাম্মদ শফিউল আলম**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd